গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

**২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শেখ মুজিবর রহমান<br>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ২১ সেপ্টেম্বর, ২০২১খ্রি. |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ১ম সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে (সরাসরি উপস্থিত এবং জুম অ্যাপের মাধ্যমে অংশগ্রহণকারী সকল আখানি) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইন্সট্রাক্টর (প্রশিক্ষণ বিভাগ) কে আহ্বান জানান। তদানুযায়ী শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে তুলে ধরলে সভায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচ্যসূচি অনুসারে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগ/শাখা/ ইউনিট |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ হালনাগাদকরণ। | ১.১। সভায় কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টারের পরিবর্তে ২য় কোয়ার্টারে নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। | ১ম কোয়ার্টারের পরিবর্তে ২য় কোয়ার্টারে নির্ধারণ করে ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা সংশোধন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট |
| | | ১.২। খাদ্য মন্ত্রণালয়ের ০৯/০৩/২০২১খ্রি. তারিখে ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন পদ্ধতি বিষয়ে অবহিতকরণ ও ১ম কোয়ার্টারের নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সেমিনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম নং ১.৩। ৩.১ এ "বাণিজ্যিক নিরীক্ষা সফট্ওয়ার এর পাইলটিং বাস্তবায়ন" এর পরিবর্তে অন্য কোন কার্যক্রম গ্রহণের নিমিত্ত বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১ এ বাণিজ্যিক নিরীক্ষা সফট্ওয়ার এর পাইলটিং বাস্তবায়নের পরিবর্তে "খাদ্য অধিদপ্তরের টিওএন্ডই হালনাগাদ" কার্যক্রম প্রতিস্থাপন করে ২০২১-২০২২ অর্থবছরের কর্ম-পরিকল্পনা সংশোধন করতে হবে। | |
| | | ১.৩। ৩.২ এ "OMS Management Software (OMS) এর ঢাকা মহানগর ও জেলা সদরে পাইলটিং বাস্তবায়ন" এর পরিবর্তে অন্য কোন কার্যক্রম নেওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়। সেমোতাবেক নতুন কার্যক্রম গ্রহণের নিমিত্ত বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.২ এ OMS Management Software (OMS) এর ঢাকা মহানগর ও জেলা সদরে পাইলটিং বাস্তবায়নের পরিবর্তে খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের গাড়িসমূহে VTS (Vehicle Tracking System) সংযোজন করার কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ০২ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন। | ২.১। খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর সুষ্ঠু বাস্তবায়নের কৌশল সম্পর্কে আলোচনা করা হয়। | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রত্যেক দপ্তরকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুসারে নম্বর বন্টন অবগত করতে হবে। এছাড়া, কোন কার্যক্রম সম্পর্কে লক্ষমাত্রা শেষ হবার পূর্বকে তাগিদপত্র প্রদান করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি। | ৩.১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন। | কর্ম-পরিকল্পনায় ১ম কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করার জন্য চসসা বিভাগকে অনুরোধ জানানো হয়। এক্ষেত্রে সভার নোটিশ, অংশগ্রহণকারী সদস্যদের হাজিরা এবং সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সরবরাহ করতে হবে। | চসসা বিভাগ |
| | | ৩.২। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয় এবং ১ম কোয়ার্টারের নির্ধারিত প্রশিক্ষণ আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পররর্তী কোয়ার্টার সমূহের প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | পররর্তী কোয়ার্টার সমুহের প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর |
| | | ৩.৩। খাদ্য অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ যথাসময়ে ওয়েবসাইটে প্রদর্শন করসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। যা নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধন করে সংশোধিত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ দ্রুত খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয় এবং তা ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধন করে সংশোধিত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২, ৩০ জুন, ২০২১ খ্রি. তারিখের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট ও সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। |
| | | ৩.৪। প্রকল্পের PSC ও PIC সভার আয়োজনের অগ্রগতির বিষয়ে আলোচনায় জানা যায় ৪টি PIC সভার মধ্যে ৩টি অনুষ্ঠিত হয়েছে। আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের PIC সভাটি অনুষ্ঠিত হয়নি। এছাড়া, PSC সভা আয়োজনের বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখের মধ্যে আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের PIC সভাটি অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প |
| | | ৩.৫। প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনায় নির্ধারিত হারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ০৪ | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়সমূহের ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়সমূহের ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতির বিষ্যে সকল আখানি র সাথে আলোচনা করা হয়। | ১ম কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়ন করে অধিদপ্তরকে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রমাণসহ ফিডব্যাকের জন্য খাদ্য অধিদপ্তরকে প্রেরণ করতে হবে। | সকল আখানি |
| ০৫ | জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ বাস্তবায়ন। | জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ প্রণয়নপূর্বক স্ব-স্ব ওয়েবপোর্টালে প্রদর্শন এবং আখানি কর্তৃক ফিডব্যাক প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ প্রণয়নপূর্বক ওয়েবপোর্টেলে প্রদর্শন এবং আখানি কর্তৃক ফিডব্যাক প্রদান করতে হবে। | সকল আখানি |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৯.২১

(শেখ মুজিবর রহমান)
মহাপরিচালক
ফোন-৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮ (অংশ-০৪). ১৪৮৮ (৩০)

তারিখ: ২৭/০৩/২০২১খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৪-১০। পরিচালক, প্রশাসন/সবব্যি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১১। প্রকল্প পরিচালক (সকল)..........................................................................................
১২-১৪। অতিঃ পরিচালক, প্রশাসন/অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৫-২২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
২৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
২৪। অফিস কপি।

২৯/০৩/২০২১

(মো: নুরুজ্জামান)
ইন্সট্রাক্টর (প্রশিক্ষণ বিভাগ)
ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা (শুদ্ধাচার)
ফোন-৯৫৫৬১৯৮